

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর।
www.bagherpara.jessore.gov.bd

স্মারক সংখ্যাঃ ০৫.৪৪.৪১০৯.১১.০০১.০১৭.২০.২৭৬

তারিখঃ ১৯/০৩/২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে মহল্লাদার এর শূন্য পদের বিপরীতে স্থানীয় সরকার(ইউনিয়ন পরিষদ)মহল্লাদার বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) অনুযায়ী মহল্লাদার নিয়োগ করা হবে।

ক্রঃ নং	ইউনিয়ন	শূন্য পদ	ওয়ার্ড নং	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	বেতন (সর্বসাকুল্যে)
১	১নং জহরপুর	০২	০২, ০৫	৮ম শ্রেণি পাশ হতে হবে।	সরকারী অংশ ৩২৫০/- ও ইউপি অংশ ৩২৫০/-
২	৩নং রায়পুর	০৩	০১, ০৫, ০৬	পুরুষঃ- (১) সর্বনিম্ন উচ্চতা ৫ফুট ২ ইঞ্চি (২) সর্বনিম্ন বুকের মাপ ৩২ইঞ্চি (স্বাভাবিক), ৩২ইঞ্চি(সম্প্রসারণ) ওজন ৫০ কেজি।	
৩	৪নং নারিকেলবাড়ী	০৪	০২, ০৪, ০৮, ০৯	মহিলাঃ- (১) সর্বনিম্ন উচ্চতা ৫ফুট (২) সর্বনিম্ন বুকের মাপ ২৮ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি(সম্প্রসারণ) ওজন ৪৫ কেজি।	
৪	৫নং ধলগ্রাম	০১	০২		
৫	৬নং দোহাকুলা	০৩	০৪, ০৫, ০৬		
৬	৭নং দরাজহাট	০৪	০১, ০২, ০৫, ০৬		
৭	৮নং বাসুয়াড়ী	০২	০৫, ০৬		

শর্তাবলীঃ

- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। আবেদন পত্র সমূহ আগামী ২৪/০৪/২০২০খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে;
- ২৪/০৪/২০২০খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর;
- আবেদনপত্র সহস্রে পূরণপূর্বক প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্তঃ (ক) প্রার্থীর নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা(গ্রাম/মহল্লা, ওয়ার্ড নং, ইউনিয়ন, উপজেলা, জেলা) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখ পূর্বক নাগরিকত্বের সনদপত্র, অনলাইন জন্মনিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (বিদ্যালয়ের রেজিস্টারের ক্রমিক নং ও শ্রেণি রোল উল্লেখ পূর্বক প্রধান শিক্ষকের প্রত্যয়ন);
- প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি আনতে হবে। উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো রূপ টিএ/ডিএ প্রদান করা হবে না;
- সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করা হবে। সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- আবেদনকারীর পিতা/মাতা মহল্লাদার/দফাদার পদে চাকুরীরত থাকলে/চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করে থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-এর নিকট থেকে প্রত্যয়ন দাখিল করতে হবে;
- মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে;
- আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর বরাবর ১০০/-(একশত) টাকার পে-অর্ডার(অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে;
- অস্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- কোনো প্রার্থীর বিরুদ্ধে অনৈতিক অর্থ লেনদেন ও বেআইনী কোন অভিযোগ উত্থাপিত হলে উক্ত প্রার্থী অযোগ্য বলে বিবেচনা করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

তানিয়া আফরোজ

উপজেলা নির্বাহী অফিসার

বাঘারপাড়া, যশোর।

ফোন-০৪২২৩-৫৬০২২

ইমেইল-unobagherpara@mopa.gov.bd

চলমান পাতা-২